# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭১৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাত হেফাযতকারীদের জন্য ঈমান সাব্যস্তকরণ সম্পর্কে বর্ণনা

ذكر إثبات الإيمان للحفاظ على الصلوات

---

আরবী

1718 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أخبرني عمرو بن الحارث عن دَرَّاجٍ عَنْ أَبِي الْهَيْثَمِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا رَأَيْتُمُ الرَّجُلَ يَعْتَادُ الْمَسْجِدَ فَاشْهَدُوا عَلَيْهِ بِالْإِيمَانِ قَالَ اللَّهُ جَلَّ وَعَلَا: {إِنَّمَا يَعْمُرُ مَسَاجِدَ اللَّهِ مَنْ آمَنَ بِاللَّهِ واليوم الآخر} [التوبة: 18].
الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1718 | خلاصة حكم المحدث: ضعيف - ((التعليق الرغيب)) (1/ 131).
قَالَ أَبُو حَاتِمٍ: دَرَّاجٌ هَذَا مِنْ أَهْلِ مِصْرَ اسْمُهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ السَّمْحِ وَكُنْيَتُهُ أَبُو السَّمْحِ
وَأَبُو الْهَيْثَمِ هَذَا اسْمُهُ سُلَيْمَانُ بْنُ عَمْرٍو الْعُتْوَارِيُّ مِنْ ثِقَاتِ أَهْلِ فِلَسْطِينَ
وَقَوْلُهُ: (عَلَيْهِ) بِمَعْنَى (لَهُ).

বাংলা

১৭১৮. আবূ সা‘ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যখন তোমরা কোন ব্যক্তিকে নিয়মিত মাসজিদে আসতে দেখবে, তখন তার জন্য ঈমানের সাক্ষ্য দিবে। মহান আল্লাহ বলেছেন, “(নিশ্চয়ই আল্লাহর মাসজিদসমূহ আবাদ করে যারা আল্লাহ ও পরকালের প্রতি ঈমান আনয়ন করেছে।”) (সূরা আত তাওবাহ: ১৮)[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসের একজন রাবী দার্রাজ, তিনি মিসরের অধিবাসী। তার

নাম আব্দুর রহমান বিন সামহ, তার উপনাম আবুস সামহ।

আর আবুল হাইসাম, তার নাম সুলাইমাহন বিন আমর  আল উতওয়ারী, তিনি ফিলিস্তিনের একজন নির্ভরযোগ্য রাবী।

হাদীসে عَلَيْهِ (তার উপর) শব্দটি لَهُ (তার জন্য) অর্থে ব্যবহৃত হয়েছে।”

## ফুটনোট

[1] তিরমিযী: ২৬১৭; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫০২; মুসনাদ আহমাদ: ৩/৬৮; দারেমী: ১/২৭৮; সুনান বাইহাকী: ৩/৬৬; ইবনু মাজাহ: ৮০২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আত তা“লীকুর রাগীব: ১/১৩১)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90934

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন